

# ঢাকা ওয়াসা

০১।  
০২।  
০৩।

২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।  
ক্যালকুলেশন শীট।  
প্রাক্কলন।

বিষয়ঃ Repair, maintenance work of water line leakage and removal of polluted water at Holan, Noddapara area (Non-DMA) under MODS Zone-9, Dhaka WASA.

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন হলান, নদাপাড়া (নন-ডিএমএ) এলাকার বিভিন্ন স্থানে বিভিন্ন ব্যাসের পানির লাইনের নেটওয়ার্ক রয়েছে। উক্ত নেটওয়ার্কে পানির লাইনে প্রায়ই লিকেজ দেখা দেয়। লিকেজের ফলে ক্ষতিগ্রস্ত পানির লাইন দিয়ে প্রচুর পানির অপচয় হয়। তাৎক্ষণিক ভাবে স্লুইচ ভান্স বন্ধ করে পানির অপচয় রোধ করা হলেও এলাকায় পানি সরবরাহে বিঘ্ন ঘটে। এছাড়াও বিভিন্ন সময়ে বিভিন্ন সংস্থা কর্তৃক রাস্তা কাটার ফলে ঢাকা ওয়াসার পানির লাইন ক্ষতিগ্রস্ত করে। এছাড়াও সিস্টেমে বিদ্যমান প্রেসারে সার্ভিস লাইন এ বিভিন্ন সময় লিকেজ দেখা দেয়। লিকেজের অভিযোগ পাওয়ার পর তাৎক্ষণিক সমাধান করার চেষ্টা করা হলেও অভিযোগের পরিমাণ অত্যধিক এবং তাহা বড় আকারে হওয়ায় এলাকায় লিকেজের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এই পরিস্থিতি হতে উত্তরণ এবং ঢাকা ওয়াসার সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে বিদ্যমান লিকেজগুলি মেরামত করা একান্ত প্রয়োজন। কাজটি করার লক্ষ্যে ঢাকা ওয়াসা, বর্তমান বাজারদর ও পিডব্লিউডি-২০২২ এর রেইট সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুত প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাড়িয়েছে ৳-২,৯৯,২৬৯.৭৮৮/- (দুই লক্ষ নিরানব্বই হাজার দুইশত ঊনসত্তর দশমিক সাত আট আট) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার মডস জোন-৯ এর ২০২৫-২৬ ইং অর্থবৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার "Water Line Maintenance" খাতের ক্রমিক নং- G2(18) হতে বহন করা যেতে পারে।

২। এমতাবস্থায়, Repair, maintenance work of water line leakage and removal of polluted water at Holan, Noddapara area (Non-DMA) under MODS Zone-9, Dhaka WASA কাজটি জরুরী ভিত্তিতে করার লক্ষ্যে প্রাক্কলিত ৳- ২,৯৯,২৬৯.৭৮৮/- (দুই লক্ষ নিরানব্বই হাজার দুইশত ঊনসত্তর দশমিক সাত আট আট) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন সহ পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর ৬৩(১) ধারা মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৭/০৮/২০২৫  
আব্দুর রকিব জোয়ার্দার  
উপ-সহকারী প্রকৌশলী  
মডস জোন-৯, ঢাকা ওয়াসা

২৭/০৮/২৫  
মোঃ দেলোয়ার হোসেন  
উপ-বিভাগীয় প্রকৌশলী  
মডস জোন-৯  
ঢাকা ওয়াসা

১৭/০৮/২৫  
মোঃ ইয়াস খান  
নির্বাহী প্রকৌশলী  
মডস জোন ৯, ঢাকা ওয়াসা

EXE, MODS Zone-9

৩। প্রত্যাখ্যে।

২৯/০৮/২৫  
প্রকৌশলী মোঃ শাহ আলম  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।